প্রথম আলো

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ... কলাম ... ৬

# রাজধানীতে অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট হলেও সারা দেশে প্রভাব পড়েনি

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক**

সংগঠনের সমাবেশে হামলার প্রতিবাদে ছাত্রলীগের ডাকে গতকাল বৃহস্পতিবার রাজধানী ঢাকার অধিকাংশ শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রধর্মঘট পালিত হলেও ঢাকার বাইরে সারা দেশের শিক্ষা প্রতিষ্ঠানে ধর্মঘট তেমন প্রভাব ফেলেনি বলে জানা গেছে। গত মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগের কেন্দ্রীয় সমাবেশে হামলা এবং নেতৃবৃন্দকে আহত করার প্রতিবাদে গত বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে এবং গতকাল দেশব্যাপী শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এই ধর্মঘট আহ্বান করা হয়।

ধর্মঘটের মধ্যে ছাত্রলীগ গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি এলাকায় শিক্ষকদের একটি মিনিবাস ভাঙচুর করে। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কোনো অপ্রীতিকর ঘটনা ছাড়াই ছাত্রলীগ মিছিল সমাবেশ করে।

রাজধানীর জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজে সর্বাত্মক ছাত্রধর্মঘট পালিত হয়েছে বলে জানা গেছে। ধর্মঘটের সমর্থনে দুপুরে কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত ছাত্রলীগের সমাবেশে দেবাশিষ বিশ্বাস, এম এ মমিন পাটোয়ারী, এফ কে বাদল, নজরুল ইসলাম প্রমুখ বক্তব্য রাখেন।

ঢাকার বাইরে রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রলীগ আহূত ধর্মঘট পালিত হয়নি বলে জানা গেছে। আমাদের **রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি** জানিয়েছেন, ছাত্রলীগ রাবি শাখা ধর্মঘট পালনের দৃঢ় প্রত্যয় ব্যক্ত করলেও গতকাল তাদের কেউ ক্যাম্পাসে আসেনি।